গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাবনা সদর,পাবনা
www.pabnasadar.pabna.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৭৬৫৫.০০০.০৬.০০৪.২১.৯৫০ তারিখ: ২৩ আগস্ট ২০২১ খ্রি:

সভার আমন্ত্রণপত্র

এতদ্বারা পাবনা সদর উপজেলা পরিষদের সম্মানীত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের জুলাই/ ২০২১ মাসের সাধারন সভা (২৮ তম সভা) আগামী ২৯/০৮/২০২১ খ্রি: তারিখ বেলা ১১:৩০ টায় আলহাজ্ব মো: মোশারোফ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা এর সভাপতিত্বে উপজেলা পরিষদের এ্যাডভোকেট শেখ শহিদুল্লাহ বাচ্চু স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

ধার্য তারিখ ও সময়ে উক্ত সভায় সম্মানিত সকল সদস্যগনকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

তাহমিনা আক্তার রেইনা
উপজেলা নির্বাহী অফিসার
পাবনা সদর, পাবনা
ফোন নং ০৭৩১-৬৫৪০৩
ইমেইলঃ unopabna@mopa.gov.bd

সভার আলোচ্য বিষয় সমূহঃ

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন
২। করোনা ভাইরাস বিষয়ক আলোচনা
৩। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা
৪। বিবিধ

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠ্যক্রম বিবেচ্য নয়) ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭২ পাবনা-৫
২। জেলা প্রশাসক, পাবনা
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা
৪। মেয়র, পাবনা পৌরসভা
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা
৬। উপজেলা ..........................................................................অফিসার, পাবনা সদর, পাবনা
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, পান্নি উন্নয়ন বোর্ড, পাবনা
৮। ডিজিএম, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, আতাইকুলা, পাবনা
৯। চেয়ারম্যান,..............................................................(সকল) ইউনিয়ন পরিষদ, পাবনা সদর, পাবনা
১০। জনাব ..................................................................

# উপজেলা পরিষদ কার্যালয়
## পাবনা সদর,পাবনা

**বিষয় ঃ পাবনা সদর উপজেলা পরিষদের আগস্ট ২০২১ মাসের সাধারণ সভার (২৮তম সভা) কার্যবিবরণী**

সভাপতি ঃ আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা

তারিখ ঃ ২৯ আগস্ট, ২০২১

সময় ঃ বেলা ১১.৩০ টা।

স্থান ঃ এড. শেখ শহিদুল্লা বাচ্চু স্মৃতি মিলনায়তন, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা।

( উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো)

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা এবং স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি তাঁর স্বাগত বক্তব্যে বলেন যে, পাবনা সদর উপজেলায় করোনা ভাইরাসের সংক্রমনের কারনে ভার্চুয়ালি জুম সভা অনুষ্ঠিত হচ্ছে। সবাইকে জুম সভায় অংশগ্রহণের জন্য অভিনন্দন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

গত ২৯/০৭/২০২১ তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে বলে সকল সদস্য অভিমত প্রকাশ করায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। করোনা ভাইরাস কোভিড-১৯ বিষয়ক আলোচনা ঃ উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা সভায় জানান যে বর্তমানে করোনা ভাইরাস সংক্রমণের হার নিম্নমুখী। করোনা ভাইরাস বিষয়ে জনগন এখন অনেক সচেতন। কোভিড-১৯ টিকা গ্রহণের জন্য মানুষ দীর্ঘ লাইন দিয়ে ধর্য্যসহকারে টিকা গ্রহণ করছেন। সরকারও টিকা প্রদানে খুবই আন্তরিক। জনগন এভাবে সচেতন হলে করোনা ভাইরাস সংক্রমন নিয়ন্ত্রণ সম্ভব হবে ইনশাল্লাহ। ২৫ বছরের উর্দ্ধে সকল শ্রেণির পেশার মানুষ এখন টিকা নিতে পারবেন। এখনও যারা টিকা গ্রহণ করেন নাই তার অতিশিঘ্রই অনলাইনে নিবন্ধন করে টিকা গ্রহণ করবেন। আপনারা প্রত্যেকেই নিজে টিকা নিবেন এবং পরিবারের সকল সদস্যগণকে টিকা গ্রহণ নিশ্চিত করবেন। এভাবে আমরা সকলেই করোনা ভাইরাস সংক্রমণ হতে নিরাপদ থাকতে পারি।

০৩। <u>স্ট্যান্ডিং কমিটিসমূহের কার্যক্রম পর্যালোচনা</u> ঃ

পাবনা সদর উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা হয়। সকল দপ্তরের উপজেলা (স্ট্যান্ডিং) কমিটির নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর বরাবর পাঠানোর জন্য অনুরোধ করা হয়।

**<u>সিদ্ধান্ত</u>** ঃ সকল উপজেলা (স্ট্যান্ডিং) কমিটির সভাপতি ও সদস্য-সচিবকে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর বরাবর পাঠানোর জন্য অনুরোধ করা হয়।

**<u>দায়িত্ব</u>** ঃ সংশ্লিষ্ট উপজেলা (স্ট্যান্ডিং) কমিটির সদস্য-সচিব।

০৪। <u>পাবনা সদর উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি</u> ঃ

পাবনা সদর উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে সভায় আলোচনা করা হয়। অফিসার ইন চার্জ পাবনা থানা সভায় বলেন যে, পাবনা সদর উপজেলার বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতি বেশ ভাল। করোনা সংক্রমন রোধে পুলিশী সহায়তা

প্রদান করা হচ্ছে। জনগনকেও সচেতন হতে হবে। জনগন সচেতন না হলে করোনা সংক্রমন প্রতিরোধ অসম্ভব হয়ে পড়বে। সবাইকে একযোগে কাজ করতে হবে। কিশোর গ্যাং, মাদক, জঙ্গি, বাল্যবিবাহ প্রতিরোধে পুলিশ প্রশাসন কাজ করে যাচ্ছে। সবাই সচেতন থাকবেন। হেলমেট ছাড়া কেউ মটরসাইকেল চালাবেন না। ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি পুলিশিং ব্যবস্থা থাকায় ইউপি চেয়ারম্যানগণ বিচার সালিশ কার্যক্রমে তাৎক্ষনিকভাবে পুলিশি সহায়তা পাচ্ছে। ফলে ইউনিয়ন পর্যায়ে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি ঘটছে। যে কোন মূল্যে এই ভাল অবস্থাকে ধরে রাখতে হবে। বর্তমানে দেশে নারী নির্যাতন ও শিশু ধর্ষন বৃদ্ধি পেয়েছে। নারী দ্বারা নারী নির্যাতনের ঘটনা ঘটছে যা খুবই দুঃখজনক। পুলিশের একার পক্ষে নারী নির্যাতন ও ধর্ষনের মত অপরাধ নির্মুল করা সম্ভব নয়। এ জন্য প্রয়োজন পারিবারিক শিক্ষা, সর্ম্পক ও সম্প্রীতি। নারী নির্যাতনের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। বর্তমান সরকার ধর্ষনের শাস্তি মৃত্যুদন্ড করেছেন। তাই ধর্ষনের বিরুদ্ধে সবাইকে সজাগ ও সতর্ক থাকতে হবে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণের সার্বিক সহযোগিতা কামনা করেন।

০৫। <u>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল</u> ঃ সভাকে অবহিত করা হয় যে ২০২১-২০২২ অর্থ বছরে অদ্য ২৯/০৮/২০২১ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল স্থিতি অর্থের পরিমান ৪৮৫৬৩৯৯/০০(আটচল্লিশ লক্ষ ছাপ্পান্ন হাজার তিনশত নিরানব্বই টাকা) মাত্র।

০৬। **<u>উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল</u>** ঃ সভাকে অবহিত করা হয় যে, ২০২১-২০২২ অর্থ বছরে অদ্য ২৯/০৮/২০২১ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের স্থিতির পরিমান ৩৪২৪৫১১৩/১৯ (তিনকোটি বিয়াল্লিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার একশত তের টাকাউনিশপঁয়সা)মাত্র।

আলোচনা: (ক) চেয়ারম্যান, হিমাইতপুর ইউপি, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রধিকার প্রকল্প হিসেবে মুজিববর্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন ২০২০-২০২১অর্থ বছরে হিমাইতপুর ইউনিয়নের ভবানীপুর আশ্রয়ণ প্রকল্পে ১০২ টি ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনবার্সনে কাঁচা রাস্তা সংলগ্ন নীচু জায়গা ভরাট করে ১০২ টি বাসগৃহ নির্মিত হয়েছে। কিন্তু বর্তমান বর্ষা মৌসুমে তিনদিকে জলাবদ্ধতার সৃষ্টি হয়ে ভরাটকৃত মাটি আলগা হয়ে পড়ছে এবং আশ্রয়ণ প্রকল্পে নির্মিত ঘরগুলি ঝুঁকির মধ্যে রয়েছে। তাছাড়া আশ্রয়ণ প্রকল্পের অদুরে পদ্মা নদীর শাখা নদী রয়েছে। এই ভরা মৌসুমে নদীর পানি প্লাবিত হয়ে আশ্রয়ণ প্রকল্পে ঢুকে পড়ার আশংকা রয়েছে। তাই অতি জরুরীভাবে প্যালাসাইডিং করে আশ্রয়ণ প্রকল্পের ঘরগুলি রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। না হলে বড় ধরনের দুর্ঘটনার সম্ভাবনা রয়েছে। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, আশ্রয়ণ প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রধিকার প্রকল্প বিবেচনায় জনস্বার্থে জরুরী প্রয়োজনে আরএফকিউ এর মাধ্যমে করা যেতে পারে।

(খ) উপজেলা সমবায় অফিসার ও সাধারন সম্পাদক, অফিসার্স ক্লাব, পাবনা সদর, পাবনা সভায় জানান যে, পাবনা জেলার প্রত্যেক উপজেলা অফিসার্স ক্লাব থাকলেও পাবনা সদর উপজেলায় ক্লাব না থাকায় অফিস সময়ের পর অফিসার্সদের একত্রে মিলিত হওয়া বা আফিসার্সদের আগমন ও বিদায়ের সময় কোন অনুষ্ঠান/আলোচনা সভা করা অনেক সময় সম্ভবপর হয়না। তাছাড়া কাজের পর একটু বিনোদনের ও প্রয়োজন হয়। তাই উপজেলা পরিষদ হতে পরিষদের অভ্যন্তরে একটি অফিসার্স ক্লাব নির্মাণের উদ্যোগ গ্রহণের জন্য সভায় উপস্থিত সকল সদস্যদের অনুরোধ করা হয়।

(গ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, উপজেলা পরিসংখ্যান অফিস, উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা পল্লী দ্রারিদ্র বিমোচন অফিস, একই ভবনে অবস্থিত। ভবনটি খুবই জরাজীর্ন এবং ব্যবহার অনুপোযোগী হয়ে পড়েছে। ঢালাই ও প্লাস্টার খুলে খুলে পড়েছে। মেরামত না করলে যে কোন সময় অঘটন ঘটতে পারে। সভায় তিনি আরোও বলেন যে, ভবনটি উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সরেজমিন পরিদর্শন করে সত্যতা পেয়েছেন। কাজেই জরুরীভিত্তিতে ভবনটি মেরামতের জন্য সভাকে অনুরোধ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ভবনটি মেরামতে সবাই একমতপোষন করেন।

সার্বিক বিবেচনায় ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে নিম্নবর্ণিত প্রকল্প ০৬ টি বাস্তবায়নের জন্য উপস্থাপন করা হয়।

| ক্র: নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পাবনা সদর | হিমাইতপুর ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের অধীন ভবানীপুর আশ্রয়ণ প্রকল্পে প্লাসাইডিং করন (পার্ট-১) | ৯৯৯৯১৩.০০ | আরএফকিউ পদ্ধতি |
| ০২ | পাবনা সদর | হিমাইতপুর ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের অধীন ভবানীপুর আশ্রয়ণ প্রকল্পে প্লাসাইডিং করন (পার্ট-২) | ৯৯৯৯১৩.০০ | আরএফকিউ পদ্ধতি |
| ০৩ | পাবনা সদর | হিমাইতপুর ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের অধীন ভবানীপুর আশ্রয়ণ প্রকল্পে প্লাসাইডিং করন (পার্ট-৩) | ৭১১৮৫৮.০০ | আরএফকিউ পদ্ধতি |
| ০৪ | পাবনা সদর | হিমাইতপুর ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের অধীন ভবানীপুর আশ্রয়ণ প্রকল্পে প্লাসাইডিং করন (পার্ট-৪) | ৭৫২৫৯১ | আরএফকিউ পদ্ধতি |
| ০৫ | পাবনা সদর | পাবনা সদর উপজেলা অফিসার্স ক্লাব নির্মাণ | ১০.০০ (দশ লক্ষ) | আরএফকিউ পদ্ধতি |
| ০৬ | পাবনা সদর | উপজেলা পরিসংখ্যান এবং যুব উন্নয়ন অফিস মেরামত | ২.০০ (দুই লক্ষ) | পিআইসি(১) আব্দুল আলিম, চেয়ারম্যান, মালঞ্চী ইউপি- প্রকল্প সভাপতি<br>(২) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাবনা সদর- সদস্য সচিব<br>(৩) উপজেলা সমবায় কর্মকর্তা, পাবনা সদর- সদস্য<br>(৪) প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়- সদস্য<br>(৫) মোঃ আজিজুর রহমান, উপ-সহঃ প্রকৌশলী- এলজিইডি, পাবনা সদর, সদস্য<br>(৬) মোঃ হাবিবুর রহমান, ইমাম, উপজেলা পরিষদ, জামে মসজিদ, পাবনা সদর- সদস্য<br>(৭) ক্বারী মুযাযম্মিল হক হাসিব, মুয়াজ্জিন- সদস্য |

<u>সিদ্ধান্ত</u> ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থবছরে উল্লিখিত প্রকল্প ০৫টি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>দায়িত্ব</u> ঃ উপজেলা প্রকৌশলী, এলজিডি, পাবনা সদর, পাবনা।

(ঘ) বার্ষিক উন্নয়ন কর্মসূচীঃ সভাকে অবহিত করা হয় যে, পাবনা সদর উপজেলায় ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ বাবদ ১ম কিস্তিতে ২৪.২২(লক্ষ) টাকা পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থ দ্বারা উন্নয়ন প্রকল্প গ্রহণে সভায় বিস্তারিত আলোচনা হয়। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে উন্নয়ন প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করা হয়।

০৭। <u>বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ (ক) শামসুন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, করোনা সংক্রমন রোধে সবাইকে মাস্ক পড়তে হবে, স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে এবং সামাজিক দুরুত্ব বজায়

রাখতে হবে। এ সংক্রান্ত সরকারের সকল নিয়মকানুন সাবাইকে মেনে চলার জন্য তিনি অনুরোধ করেন।

**(খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, যারা ১ম ডোজ যে কোম্পানীর ভ্যাকসিন নিয়েছেন তারা ২য় ডোজও সেই কোম্পানীরা ভ্যাকসিন নিবেন। কোনভাবেই আরেক কোম্পানীর ভ্যাকসিন নেয়া যাবে না। ২য় ডোজ টিকা দেয়ার কার্যক্রম শুরু হয়েছে। সবাইকে টিকা নেযার জন্য তিনি অনুরোধ করেন।

**(গ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**ঘ) উপজেলা কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ঙ) উপজেলা মৎস্য বিভাগ ঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(চ) উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সভায় বলেন যে , তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ছ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, করোনাকালীন লকডাউন সময়ে ৩৩৩-এর ম্যাসেজ মোতাবেক খাদ্য সহায়তা দেওয়া হচ্ছে। যদি কারও খাদ্য সহায়তা প্রয়োজন হয় তাহলে মেসেজ দিলেই তার কাছে খাদ্য পৌছে দেয়া হবে।

**(জ) উপজেলা সমাজ সেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা করোনা ভাইরাস আক্রান্ত হওয়ায় তিনি সভায় সংযুক্ত হতে পারেননি।

**(ঝ) উপজেলা শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, করোনা প্রাদুর্ভাবের কারনে গত ১৭/০৩/২০২০ তারিখ হতে বিদ্যালয় বন্ধ রয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক বিদ্যালয় পুন:চালুকরনের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। সরকারের স্বাস্থ্যবিধি অনুসরন করে প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষার সরঞ্জাম বিদ্যালয়ে মজুদ রাখা হয়েছে। কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক সকল শিক্ষকদের ভ্যাকসিন টিকা গ্রহন অব্যাহতি রয়েছে।

**(ঞ) উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**(ট) উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে এবং ঋণ বিতরণের কার্যক্রমও চলমান আছে।

**(ঠ) উপজেলা প্রকৌশল অধিদপ্তর (স্থানীয় সরকার বিভাগ) ঃ** উপজেলা প্রকৌশলী, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ড) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ** উপ-সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ঢ) উপজেলা সমবায় অধিদপ্তর ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, সমবায় অধিদপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ণ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ঋণ বিতরন ও আদায় কার্যক্রম চলমান আছে।

**(ত) উপজেলা পরিবেশ ও বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় বলেন যে, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(থ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, অধিদপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই। মাধ্যমিক স্তরের সকল শিক্ষককে করোনা টিকা গ্রহণের জন্য তিনি ম্যাসেজ প্রদান করেছেন। শিক্ষকরা পর্যায়ক্রমে টিকা গ্রহণ করছেন।

**(দ) উপজেলা খাদ্য বিভাগ ঃ** উপজেলা খাদ্য পরিদর্শক সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ধ) উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ন) আমার বাড়ি আমার খামার প্রকল্পঃ** উপজেলা সমন্বয়কারী পাবানা সদর, পাবনা সভায় বলেন যে, সমিতি গঠনে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার প্রতি বিশেষ গুরুত্বারোপ করেন এবং প্রদত্ত ঋণের টাকা আদায়ে তিনি সকল ইউপি চেয়ারম্যানের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

<u>**সিদ্ধান্ত**</u> ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে আমার বাড়ি আমার খামার প্রকল্পের সমিতি গঠনে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার এবং সকল পর্যায়ের জনপ্রতিনিধি আমার বাড়ি আমার খামার প্রকল্পের সার্বিক কার্যক্রমে আন্তরিক সহযোগিতা করবেন বলে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>**দায়িত্ব**</u> ঃ ১) উপজেলা সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার প্রকল্প।
২) চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, পাবনা সদর, পাবনা।

**(প) ইউজিডিপি সংক্রান্ত কার্যক্রম আলোচনা:** উপজেলা ডেভেলোপমেন্ট ফ্যাসিলিটেটর জনান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" কর্তৃক বাস্তবায়নাধীন পাবনা সদর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগ/দপ্তরের সক্ষমতা উন্নয়ন উপপ্রকল্প সমূহ তারিখ নির্ধারন সাপেক্ষে বাস্তবায়ন করতে হবে। তিনি আরও বলেন যে, অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক ০২ টি উপ-প্রকল্প প্রস্তাবনা (৪র্থ পর্যায়) অনুমোদন হয়েছে। এখন অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক ০২ টি প্রকল্প নির্বাচন করে অনুমোদনের লক্ষ্যে প্রকল্প অফিসে প্রেরণ করার জন্য উপস্থিত সকল সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**(ফ) উপজেলা আনসার ও ভিডিপি অফিস ঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই।

**(ব) উপজেলা আইসিটি বিভাগ ঃ** সহকারি প্রোগ্রামার, আইসিটি, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, রেজুলেশন ডিজিটালাইজেশন করতে হবে এবং সকল অফিসের ওয়েবপোর্টাল হালনাগাদ করতে হবে। যে সকল দপ্তরে ই-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে সে সকল দপ্তরের অফিশিয়াল কার্যক্রম ই-নথির মাধ্যমে করতে হবে। যদি ই-নথিতে কোন সমস্যা হয় তাহলে সহকারি প্রোগ্রামার,

০৮। <u>বিবিধ</u> ঃ (১) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ২৯/০৭/২০২১ তারিখ হতে অদ্যাবধি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে নিম্নবর্ণিত ব্যয় সম্পন্ন করা হয়েছে। ব্যয়োত্তর অনুমোদনের জন্য প্রস্তাব করেন।

| হিসাব নং | তারিখ | ব্যয়ের বিবরণ | টাকা |
|---|---|---|---|
| জনতা ব্যাংক লিঃ<br>নূরপুর শাখা, চলতি হিসাব নং- ০১০০০৩৭৯৪০০২৪ | ২৮/০৭/২০২১ | (ক) উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই/ ২০২১ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা | ১১৮৫০০ |
| | | (খ) উপজেলা পরিষদ পরিচ্ছন্নতাকর্মী, মালি ও অফিস সহায়কগণকে জুলাই/২০২১ মাসের মজুরী প্রদান | ২৬২৮০ |
| | | (গ) জুলাই/২০২১ মাসের আপ্যায়ন খরচ | ৩৮০০০ |
| | | (ঘ) আনসার সদস্যদের আবাসস্থল উপজেলা পরিষদ গেজেটেড কোয়ার্টার সংস্কার ও মেরামত বিল | ৫০০০০ |
| | | (ঙ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন মেরামত(শেখ রাসেল মিনি স্টেডিয়াম) | ২৫০০০ |
| | | (চ) ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস উদযাপন ব্যয় বিল | ২৫০০০ |

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে, উপরোক্ত ব্যয়সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়।

আলোচনা (২) ঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, পাবনা সদর, জনাব শামসুন নাহার এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ গোলাম আজম (শাওয়াল বিশ্বাস) এর আগস্ট /২০২১ মাসের দৈনিক ভাতা বিল দাখিল করেছেন। যা নিম্নরুপ- আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা এর দৈনিক ভাতা বিলঃ

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | প্রাপ্য |
|---|---|---|---|
| ২/০৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে গয়েশপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | জীপগাড়ী যোগে | ৬২৫/- |
| ৩/০৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | ------ঐ------ | ৬২৫/- |
| ৬/০৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ৮/০৮/২০২১ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১০-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১০/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১১/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৫/৮/২০২১ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে ভাড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১৯/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |

| | | | |
|---|---|---|---|
| ২০/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২২/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে আতাইকুলা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৩/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৫/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| | | মোট | ৭৫০০/ |

মহিলা ভাইস চেয়ারম্যান শামসুন নাহার এর দৈনিক ভাতা বিল

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | ভাতা |
|---|---|---|---|
| ২/০৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | পরিষদের জীপগাড়ী যোগে | ৫০০ |
| ৩/০৮/২০২১ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১০-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ৬/০৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ৮/০৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১০/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে আতাইকুলা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১১/৮/২০২১ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে ভাড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৫/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৯/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২০/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে গয়েশপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২২/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |

| | | | |
|---|---|---|---|
| ২৩/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৫/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| মোট | | | ৬০০০ |

ভাইস চেয়ারম্যান জনাব মোঃ গোলাম আজম (শাওয়াল বিশ্বাস)- দৈনিক ভাতা বিল

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | প্রাপ্য ভাতা |
|---|---|---|---|
| ২/০৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | জীপগাড়ী যোগে | ৫০০ |
| ৩/০৮/২০২১ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১০-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ৬/০৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ৮/০৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১০/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে আতাইকুলা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১১/৮/২০২১ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে ভাড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৫/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১৯/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২০/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে গয়েশপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২২/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৩/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৫/৮/২০২১ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |

| মোট | ৬০০০ |
|---|---|

সিদ্ধান্তঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে, উপজেলা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ৯/১২/২০১২ তারিখের ৪৬.০৪৬.০২২.০০.০০২.২০১২.-৬৯২ নং অফিস আদেশের বিধান অনুসারে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর জনাব শামসুন নাহার এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ গোলাম আজম (শাওয়াল বিশ্বাস) এর আগস্ট /২০২১ মাসের উপস্থাপিত উপরোক্ত বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ।

দায়িত্বঃ (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা
(২) উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা।

সভায় আর আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাবনা সদর, পাবনা
www.pabnasadar.pabna.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৯.০০৫.২১.৯৬৪(৫০) তারিখ : ২৯ আগস্ট ২০২১

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে** ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭২, পাবনা-৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক,পাবনা।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পাবনা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পাবনা সদর, পাবনা।
৭। মেয়র, পাবনা পৌরসভা, পাবনা।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পাবনা সদর, পাবনা।
৯। উপজেলা ----------------------------------------------------কর্মকর্তা (সকল), পাবনা সদর,পাবনা।
১০। চেয়ারম্যান,----------------------------------------------------ইউ,পি, (সকল), পাবনা সদর,পাবনা।

২৯.০৮.২১
তাহমিনা আক্তার রেইনা
উপজেলা নির্বাহী অফিসার
পাবনা সদর, পাবনা
ফোনঃ ০৭৩১-৬৫৪০৩
email: unopabna@mopa.gov.bd